# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 JANUARY No 12


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

যোয়েল ২: ২১-২৬

২১। ওহে দেশ, ভয় কোরো না; আনন্দিত হও ও উল্লাস করো। সদাপ্রভু নিশ্চয়ই মহৎ সব কাজ করেছেন।

২২। ওহে বুনো পশুরা, তোমরা ভয় কোরো না, কারণ খোলা চারণভূমিগুলি সবুজ হয়ে উঠছে। গাছগুলি তাদের ফল উৎপন্ন করছে, ডুমুর গাছ দ্রাক্ষালতা তাদের ফলভারে সমৃদ্ধ হচ্ছে।

২৩। ওহে সিয়োনের অধিবাসীরা, তোমরা আনন্দিত হও, আমাদের ঈশ্বর সদাপ্রভুতে উল্লসিত হও, কারণ তিনি তাঁর ধর্মশীলতায় তোমাদের অগ্রিম বৃষ্টি প্রেরণ করবেন, পূর্বের মতোই প্রথম ও শেষ বর্ষা প্রেরণ করবেন।

২৪। খামারগুলি শস্যে পরিপূর্ণ হবে;ভাঁটিগুলি নতুন দ্রাক্ষারসে ও তেলে উপচে পড়বে।

২৫। "বছর বছর ধরে পঙ্গপালে যা খেয়েছে,তা আমি ফিরিয়ে দেব— অর্থাৎ বড়ো পঙ্গপাল, ও অল্পবয়স্ক পঙ্গপাল, অন্যান্য পঙ্গপাল ও পঙ্গপালের ঝাঁক— আমার মহাসৈন্যদল,যাদের আমি প্রেরণ করেছিলাম।

২৬। যতক্ষণ না তোমরা তৃপ্ত হবে,তোমরা পর্যাপ্ত পরিমাণে আহার করবে, আর তোমরা তোমাদের ঈশ্বর সদাপ্রভুর প্রশংসা করবে, যিনি তোমাদের জন্য বিস্ময়কর সব কর্ম করেছেন; আমার প্রজারা আর কখনও লজ্জিত হবে না।

## এই নতুন বছরে তোমরা যা কিছু হারিয়েছো সেই সমস্ত বিষয় দাবি করতে পারো !

**YOU CAN RECLAIM WHAT YOU LOST IN THIS NEW YEAR!**

*Sis. Angel*



আপনাদের কাছে ২০২৬ একটি অতি সুখী এবং আশীর্বাদযুক্ত বছর হোক !



আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি প্রধান কার্যালয় থেকে আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অপূর্ব নামে আপনাদের শুভেচ্ছা এবং আশীর্বাদ জানাই।

আমরা যখন এই নতুন বছরে প্রবেশ করছি, তখন গত বছরে যা যা হয়েছে সেই বিষয়ে আমরা পেছন ফিরে তাকাই এবং যা কিছু ঘটবে তার জন্য সামনে দৃষ্টিপাত করি। কয়েকটি বছর মনে হয় যুদ্ধবিধ্বস্ত ছিল; আবার কিছু সময় আমাদের কাছে সাফল্যপূর্ণ ছিল। ১ বংশাবলি ১৮:১ পদটি আমাদের মনে করিয়ে দেয় যে একটা সময় ... ঈশ্বর আমাদের কাছে অপ্রত্যাশিত পরিবর্তন আনেন-সেই মুহূর্তগুলিতে দীর্ঘ-প্রতীক্ষিত বিজয়গুলি অবশেষে প্রকাশিত হয়।

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী !!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969



## *from your dearly beloved brother...*



**" সেই দেশের যত্ন তোমাদের ঈশ্বর সদাপ্রভু করেন; বছরের প্রথম থেকে শেষ পর্যন্ত সবসময় তোমাদের ঈশ্বর সদাপ্রভুর চোখ তার উপরে আছে"**

- (দ্বি.বি. ১১:১২)।

খ্রীষ্টে প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মহামূল্যবান নামে আপনাদের প্রীতি ও শুভেচ্ছা জানাই। আপনার এবং আপনার পরিবারের আশীর্ব্বাদযুক্ত ও প্রগতিশীল নতুন বছরের কামনা করি।



মণ্ডলীর নেতৃবৃন্দ ও প্রাচীনবর্গের সভা

আমাদের মধ্যে অনেকেই হয়তো গত বছর ক্লেশ ও সংগ্রামের সম্মুখীন হয়েছিলেন, এবং একটা সময়, হয়তো মনে হয়েছিল ঈশ্বর নীরব ছিলেন। তবুও, আমরা যেমন শাস্ত্রে পাঠ করি,যোষেফকে কূপের মধ্যে থেকে তুলে রাজপ্রাসাদের স্থাপন করা হয়েছিল। তাঁর ক্লেশের সময় তাৎক্ষনিকভাবে ঈশ্বর তাঁকে স্বস্তি দেননি, এবং এটি প্রায়ই আমাদের নিজেদের অভিজ্ঞতাগুলিকে প্রতিফলিত করে। কিন্তু তাঁর সঠিক সময়, ঈশ্বর আপনাকে উন্নীত করবেন।

**" সেই কারণে,ঈশ্বরের পরাক্রমী হাতের নিচে, নিজেদের নতনম্র করো, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাদের উন্নীত করেন"** (১ পিতর ৫:৬)।

প্রভু এই বছরটি নবায়িত হওয়ার নতুন বছর করুন, এবং তিনি আপনার জন্য যে নতুন নতুন পথ তৈরী করেছেন তার মাধ্যমে তিনি আপনাকে অজস্র আশীর্ব্বাদে পূর্ণ করুন।

**"সদাপ্রভু বলেন,"যেভাবে নতুন আকাশমণ্ডল ও নতুন পৃথিবী আমার সাক্ষাতে অটল থাকবে,তেমনই তোমার নাম ও তোমার সন্তানেরা চিরস্থায়ী হবে"** (যিশাইয় ৬৬:২২)।

এ বছর আমাদের সামনে অনেক পরিচর্যা কাজ আছে- সেই কাজগুলি এমন কাজ যা কেবল মানবিক প্রচেষ্টায় সম্পূর্ণ করা অসম্ভব। আমরা আন্তরিকভাবে আপনাদের প্রার্থনা কামনা করি যেমন আমরাও অবিরত আমাদের প্রার্থনায় আপনাদের স্মরণ করি। নিশ্চিতভাবে, আপনারা আশীর্ব্বাদযুক্ত হবেন।

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org

**YOUTUBE CHANNEL**
Echo of His Call

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▫ BIBLECOR - Postal Courses (3 languages) ▫ YouTube Ministry ▫ Online Courses ▫ Theological Correspondence Courses (2 languages) ▫ Church Planting ▫ Nehemiah Bible Colleges ▫ Gospel Printing Press ▫ Great Commission Partners ▫ St. Paul's Matriculation School ▫ Crusades ▫ Community Development

## নিচে তিনটি গুরুত্বপূর্ণ নীতি প্রদত্ত হলো:

*১। আপনার পালক এবং চার্চকে ভালোবাসুন। মণ্ডলীর উপাসনা সভাগুলিতে নিয়মিত যোগদান করুন।*

*২। আপনার প্রার্থনার জীবনকে প্রাধান্য দিন এবং অবিরত ঈশ্বরের উপস্থিতির সান্নিধ্যের মধ্যে থাকুন।*

*৩। স্বাস্থ্য, অর্থ এবং ঈশ্বর আপনাকে যা কিছু অনুগ্রহপূর্ণভাবে দিয়েছেন সেই অনুসারে বিশ্বস্তভাবে ঈশ্বরের সেবা করুন।*




আমরা প্রার্থনা করি যেন আপনারা ঈশ্বরের সুরক্ষা,তাঁর মঙ্গলভাব, এবং আসন্ন দিনগুলিতে তাঁর প্রতিজ্ঞাগুলির সম্পূর্ণতা উপভোগ করেন।

ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সকলের সহবর্তী হোক!

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ ১ পাতার পর)



দাউদ পলেষ্টীয়দের পরাজিত ও বশীভূত করেছিলেন

দাউদ অনেক বছর পলেষ্টীয়দের সঙ্গে যুদ্ধের অভিজ্ঞতা লাভ করেছিলেন। তবুও, ঈশ্বরের সঠিক সময়ে, সবকিছু পরিবর্তিত হয়েছিল। ঐ পদটি একটি বদল বা পরিবর্তনকে চিহ্নিত করে-যখন প্রতিজ্ঞাগুলি প্রকাশিত হতে শুরু করেছিল, এবং শত্রুরা বশীভূত হয়েছিল।

আমরা যখন ২০২৬ সালে পদার্পণ করছি, এই অনুচ্ছেদটি আমাদের পুনরায় নিশ্চিত করছে যে ঈশ্বরের সময় কখনও বিলম্বিত হয় না। তাঁর পরিকল্পনাগুলি ক্রমশঃ প্রকাশিত হয় এমনকি যখন আমরা তা দেখতে পাই না।

**ঈশ্বর যখন কাজ করেন তখন তা চূড়ান্ত!**




**"কালক্রমে,দাউদ ফিলিস্তিনীদের পরাজিত করলেন ও তাদের ব করলেন, এবং তিনি ফিলিস্তিনীদের হাত থেকে গাৎ ও সেটির চারপাশের গ্রামগুলি ছিনিয়ে নিয়েছিলেন"** (১ বংশা ১৮:১)।

বছরের পর বছর যাবৎ পলেষ্টীয়রা ইস্রায়েলীয়দের বিষয়-সম্পত্তি হরণ করছিল। তাদের ক্ষতির পর ক্ষতি স্বীকার করতে হচ্ছিল - তাদের পরিবারগুলি, তাদের মর্যাদা, নিয়ম-সিন্দুক, এবং এমনকি তাদের যাজক এলিকেও। তখন পরাজয়কেই তাদের নিয়তি বলে মনে হচ্ছিল। শত্রু শক্তিশালী হয়ে উঠেছিল, এবং ঈশ্বরকে নীরব মনে হচ্ছিল।

কিন্তু তারপর সেই মুহূর্তটি এসেছিল যখন ঈশ্বর মধ্যস্থতা করলেন - এবং যখন ঈশ্বর কাজ করলেন, তাঁর বিজয় চূড়ান্ত।

বাইবেলে বলা হয়েছে দাউদ কেবল পলেষ্টীয়দের পরাজিতই করেননি, তিনি তাদের



মিস্রীয়রা তোমরা আজ দেখবে কিন্তু আর কখনও দেখবে না।

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




আদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

পলেষ্টীয়দের পরাজিতই করেননি, তিনি তাদের বশীভূত করেছিলেন- যার অর্থ তারা আর কখনও ইস্রায়েলের বিরুদ্ধে উঠে দাঁড়াতে পারেনি। পলেষ্টীয়রা বারংবার ফিরে এসেছিল, কিন্তু এখন ঈশ্বর দাউদের মাধ্যমে তাদের চূর্ণ করেছিলেন।

এটি প্রত্যেকটি ঈশ্বরের সন্তানদের প্রতি ঈশ্বরের প্রতিশ্রুতি যখন তিনি আপনার যুদ্ধে পদক্ষেপ করেন, যে একবার আপনার বিরুদ্ধে উঠেছিল সে আর কখনও উঠবে না।

**"...আজ তোমরা যে মিশরীয়দের দেখছ, তাদের আর কখনও দেখতে পাবে না"** (যাত্রা ১৪:১৩)। এটি ঈশ্বরের একটি শক্তিশালী কর্তৃত্ব এবং তাঁর লোকদের উদ্ধারের স্মারক।

আপনাদের মধ্যে অনেকের কাছ থেকে বছরের পর বছর শত্রু অনেক হরণ করেছে - আপনার শান্তি, স্বাস্থ্য, অর্থ, সম্পর্ক, চাকরী, পরিবার, উন্নতি, আশীর্বাদ। কিন্তু সদাপ্রভু ঘোষণা করেছেন:

শত্রুরা আপনাদের কাছ থেকে যা কিছু হরণ করেছে ২০২৬ সালে আপনারা সেই সমস্ত কিছু ফিরে পাবেন! আমেন!

দাউদ অতিরিক্ত শক্তি লাভ করেছিলেন এবং শত্রুকে নিয়ন্ত্রণ করেছিলেন। তাঁর ওপর আর কেউ কখনও আধিপত্য করতে পারবে না-তিনি বিজয়ী হয়েছিলেন। আমি প্রার্থনা করি যে এ বছর আপনি আর কখনও শত্রুর আক্রমণ দ্বারা নিয়ন্ত্রিত হবেন না কিন্তু যীশু খ্রীষ্টের কর্তৃত্বের মধ্যে গমন করবেন। আপনি আপনার গত বছরের পরিস্থিতিগুলির, পারিপার্শ্বিক অবস্থাগুলির, চ্যালেঞ্জগুলির এবং ব্যর্থতাগুলির নিয়ন্ত্রণ গ্রহণ করবেন।

পঙ্গপাল যা কিছু আপনার গ্রাস করেছে তা এই বছর আপনি দাবি করবেন।

এ বছরটি আপনার জন্য কেবল সুরক্ষার বছর নয়, কিন্তু আপনি যা কিছু হারিয়েছেন তা ফিরে পাওয়ার বছর।

## দাউদ গাৎ ফিরে পেয়েছিলেন - যা বিজয়ের প্রতীক!

পলেষ্টীয়দের বশীভূত করার পর,দাউদ গাৎ পুনরুদ্ধার করেন - যা ছিল তাদের অন্যতম শক্তিশালী ও প্রভাবশালী নগর।

হিব্রু ভাষায় মেথেগ আম্মার অর্থ হলো "মাতৃনগরের লাগাম"— অর্থাৎ শাসন ও কর্তৃত্বের আসন। যে গাৎ দখলে রাখত, সেই ক্ষমতা ধারণ করত।

**গাৎ ছিল গলিয়াতের জন্মস্থান —এবং সেই দৈত্যদেরও বাসস্থান যারা একসময় ইস্রায়েলকে ভীতসন্ত্রস্ত করেছিল** (১ শমূয়েল ১৭:৪; ২ শমূয়েল ২১:১৫-২১)। তবুও ঈশ্বরের শক্তির সামনে কেনও কিছুই দাঁড়াতে পারে না।

যা এক সময় পরাজয়ের প্রতীক ছিল,তা-ই বিজয়ের প্রতীকে পরিণত হলো। তেমনি জীবনের যে ক্ষেত্রগুলোতে আপনি একসময় ক্ষতির সম্মুখীন হয়েছিলেন, সেগুলোই হবে আপনার সর্বশ্রেষ্ঠ বিজয়ের স্থান। ঈশ্বর তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করতে বিশ্বস্ত।

## কেন ঈশ্বর দাউদকে অনুগ্রহ করেছিলেন?

দাউদ নিখুঁত ছিলেন না। তিনি ছিলেন আকস্মিক সিদ্ধান্তপ্রবণ,আবেগপ্রবণ, ত্রুটিপূর্ণ ও ভয়চিন্ত। তবুও ঈশ্বর তাঁকে বলেছিলেন, **"আমি আমার মনের মানুষ পেয়েছি"** (১ শমূ ১৩:১৪, প্রেরিত ১৩:২২)।

তাহলে তাঁর উপর এবং তাঁর বংশধরদের উপর অনুগ্রহের রহস্য কী?

## ১। দাউদ ঈশ্বরকে অগ্রাধিকার দিয়েছিলেন!

দাউদ সর্বদা ঈশ্বরকে প্রথম স্থানে রাখতেন। ব্যর্থতার মধ্যেও তাঁর প্রথম প্রতিক্রিয়া ছিল অনুতাপ এবং আত্মসমর্পন।

তিনি চিৎকার করে বলেছিলেন, **"তোমার পবিত্র আত্মাকে আমার কাছ থেকে নিয়ো না"** (গীত ৫১:১১)।

**তিনি মানুষের হাতে পড়ার থেকে করুণাময় ঈশ্বরের হাতে পড়ার বিষয়টিকে বেছে নিয়েছিলেন** (২ শমূয়েল ২৪:১৪)। তিনি তাঁর মুকুট,সিংহাসন বা খ্যাতির চেয়ে ঈশ্বরের উপস্থিতিকেই অধিক মূল্য দিয়েছিলেন।

শত্রু আমাদের যা কিছু চুরি করেছে তা যদি আমরা পুনরুদ্ধার করতে চাই, তাহলে আমাদেরও অবশ্যই এ বছরের শুরুতেই ঈশ্বরকে অগ্রাধিকার



তোমার পবিত্র আত্মাকে আমার কাছ থেকে নিয়ো না"

দিতে হবে। তাঁর সময়ের উপর আস্থা রাখতে হবে— এমন কি যখন আমরা বুঝতে পারবো না, এমনকি যখন আমাদের কাছে এর কোনও অর্থ থাকবেনা বলে মনে হবে।

আমাদের প্রার্থনা হোক:

প্রভু, তুমি আমাকে পরিচালনা করো এবং আমাকে প্রতিষ্ঠিত করো— আমি যখন বুঝতে পারি না তখনও, এমনকি যখন তা কোনো অর্থই বহন করবে না তখনও। (হিতোপদেশ ৩:৫-৬)।

## ২। দাউদ ঈশ্বরের রাজ্য-মনস্ক ছিলেন!

দাউদকে মন্দির নির্মাণের অনুমতি দেওয়া হয়নি, তথাপি তিনি শলোমনের প্রয়োজনীয় সমস্ত কিছু প্রস্তুত করেছিলেন। তিনি সম্পদ সংগ্রহ করেছিলেন, শান্তি নিশ্চিত করেছিলেন এবং পরবর্তী প্রজন্মের জন্য ভিত্তি স্থাপন করেছিলেন।

তিনি তাঁর নিজের গৌরবের বিষয় চিন্তা করেননি, বরং তিনি ঈশ্বরের গৌরবের জন্য চিন্তা করেছিলেন।

আজকের পৃথিবীতে অনেকেই স্বীকৃতি, অনুগামী ও খ্যাতির অন্বেষণ করে। কিন্তু প্রকৃত ঈশ্বরের দাসেরা তাঁর রাজ্যের জন্য নীরবে কাজ করেন। ঈশ্বর আপনার অদৃশ্য পরিশ্রম দেখেন। তিনি পুরস্কারদাতা!

আমরা যদি চাই যেমন স্বর্গে তেমন পৃথিবীতে ঈশ্বরের রাজ্য আসুক,তাহলে আমাদের অবশ্যই

(ক্রমশঃ, ৬ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে জানুয়ারী থেকে ১৮ই ফেব্রুয়ারী ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জানুয়ারী ১৯ :** আমাদের প্রধান মণ্ডলী ও শাখা মণ্ডলীগুলোতে অর্থবহ ও প্রভাবশালী বড়দিন ও নববর্ষ উদ্‌যাপন সফলভাবে পরিচালনা করতে সক্ষম করার জন্য।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ২১:** আমাদের যুব ও শিশু পরিচর্যার বিশ্বব্যপী দর্শনকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** আমাদের ইউটিউব পরিচর্যাকে আশীর্ব্বাদ করার জন্য, যার মাধ্যমে আমাদের ৫-মিনিটের বার্তাগুলো অপ্রাপ্তদের কাছে পৌঁছাতে সক্ষম হচ্ছে।

**দিন ২৩:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** সমস্ত কার্যকলাপের জন্য।

**দিন ২৪:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৫:** বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার ঘোষণা করার কাজে আমাদের বরিষ্ঠ পালকের অকম্পিত প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৬:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার কর্মীদের এবং তাদের পরিবারগুলির উপর স্বর্গীয় আশীর্ব্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ২৭:** মণ্ডলীর সমস্ত কাজে সক্রিয় অংশগ্রহণ করার জন্য যুবকদের উদ্যমসহ আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৮:** আমাদের অংশীদারদের প্রার্থনা এবং আর্থিক সাহায্যের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৯:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের প্রধান মণ্ডলীর ও শাখামণ্ডলীগুলির পালকদের ও বরিষ্ঠ নেতাদের আশীর্ব্বাদের জন্য।

**৩১:** আমাদের প্রধান মণ্ডলী ও শাখামণ্ডলীগুলির শিশু পরিচর্যাগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**ফেব্রুয়ারী ০১:** আমাদের বরিষ্ঠ পালকের পরিচর্যাকারী অভিযানগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০২ :** আমাদের প্রধান মণ্ডলী ও শাখা মণ্ডলীগুলোতে ঈশ্বরের বাক্যের শক্তি প্রকাশিত হওয়ার জন্য।

**দিন ০৩ :** ২০২৬ সালের নতুন বছরে আমাদের বরিষ্ঠ পালককে নতুন দর্শন দানের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** ইস্রায়েল, প্যালেস্টাইন,রাশিয়া, ইউক্রেনের শান্তির জন্য।

**দিন ৫:** আমাদের পাস্টর **এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের প্রতি ঈশ্বরের প্রচুর আশীর্ব্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৬:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং মণ্ডলীগুলোর উপর ঈশ্বরের আশীর্ব্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের অফিস কর্মী এবং প্রিন্টিং কর্মীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৮:** বিশ্ব অর্থনৈতিক মুদ্রাস্ফীতির সমাপ্তির জন্য।

**দিন ৯:** মিশনারী এবং ঈশ্বরের লোকদের বিরুদ্ধে হিংসাত্মক কার্যকলাপের বিলুপ্তির জন্য।

**দিন ১০:** সারা পৃথিবীর মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য।

**দিন ১১:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার যুবকদের জন্য এবং বহির্প্রচার পরিচর্যার জন্য।

**দিন ১২:** এ বছর তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার প্রয়োজনীয় তহবিলের জন্য।

**দিন ১৩: সরকারী এবং বেসরকারী পরীক্ষাগুলোর উদ্দেশ্যে শিক্ষার্থীদের প্রস্তুতির জন্য।**

**দিন ১৪:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষার্থীদের ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ১৫:** অসুস্থতা, দারিদ্র এবং অনাহারে ভুক্তভোগীদের ত্রাণের জন্য।

**দিন ১৬:** মদ্যপায়ী এবং অন্যায় কার্যকারী লোকদের রূপান্তরণ ও মনপরিবর্তনের জন্য।

**দিন ১৭:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলির ঈশ্বরীয় প্রতিবিধানের জন্য।

**দিন১৮:** ঈশ্বর যেন সারা পৃথিবীর শিশুদের এবং যুবক-যুবতীদের মোবাইল ফোন ও অনলাইন খেলার আসক্তি থেকে রক্ষা করেন।

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

ঈশ্বরের রাজ্যের মানসিকতা গড়ে তুলতে হবে।

এটি ফেসবুক লাইকের মতো, ইনস্টাগ্রাম ফলোয়ার্স সংগ্রহ করার অথবা ইউটিউব সাবস্ক্রাইবারদের মতো কৃতিত্ব লাভের বিষয় নয়। এটি যীশু খ্রীষ্টের জন্য ফলোয়ার্স অথবা সাবস্ক্রাইবার জড়ো করার বিষয় নয়—এটি হচ্ছে কাজটি সম্পন্ন হওয়া।

২০২৬ হোক এমন একটি বছর, যখন আমরা নিজেদের সীমার বাইরে চিন্তা করি —এটি যেন ঈশ্বরের রাজ্যের বিষয় চিন্তা করার বছর হয়।

**তোমার হাতে যে কোনও কাজ আসুক না কেন তা তোমার সমস্ত শক্তি দিয়েই কোরো** (উপদেশক ৯:১০), ঈশ্বরের গৌরবের জন্য।

## ৩। দাউদ সমস্ত কিছুতে ঈশ্বরকে গৌরব দিয়েছিলেন

দাউদ স্বীকার করেছিলেন যে প্রতিটি বিজয়ই ঈশ্বরের কাছ থেকে আসে।

তিনি বিজিত দেশগুলির কাছ থেকে প্রাপ্ত সোনা, রূপা ও পিতল প্রভুর উদ্দেশ্যে উৎসর্গ করেছিলেন।

**"দাউদ... সোনার ঢালগুলি জেরুশালেমে নিয়ে এলেন। রাজা দাউদ এইসব জিনিসপত্র সদাপ্রভুর উদ্দেশে উৎসর্গ করে দিলেন..."** (২ শমূয়েল ৮:৭,১১)।

তিনি শত্রুর এক সময়ের অহংকারের জিনিসগুলো নিয়ে ঈশ্বরের কাছে নিবেদন করেছিলেন,শলোমনের জন্য রেখে দিয়েছিলেন,যাতে তিনি পিতলের ঢাল, স্তম্ভ সমূহ এবং অন্যান্য পবিত্র উপকরণ নির্মাণ করতে পারেন।

অতএব শাস্ত্রে ঘোষণা করা হয়েছে:

**"...দাউদ যেখানে যেখানে গেলেন, সদাপ্রভু সেখানে সেখানে তাঁকে বিজয়ী করলেন"** (২ শমূয়েল ৮:৬)।

দাউদ যত বেশি ঈশ্বরকে সম্মান করেছেন, ঈশ্বর তত বেশি দাউদকে সম্মান করেছেন। এমনকি তাঁর শত্রুরাও তাঁকে উপঢৌকন এনে দিয়েছেন।

**"হমাতের রাজা তোয়ু যখন শুনেছিলেন যে দাউদ হদদেষরের সম্পূর্ণ সৈন্যগণকে পরাজিত করেছেন, তখন তিনি তাঁকে শুভেচ্ছা ও হদদেষরের বিরুদ্ধে যুদ্ধজয়ের অভিনন্দন জানানোর জন্য তাঁর ছেলে যোরামকে দাউদের কাছে পাঠালেন,কারণ হদদেষরের সঙ্গে তয়িরেরও অনবরত যুদ্ধ লেগেই থাকত। যোরাম সাথে করে রুপো, সোনা ও ব্রোঞ্জের তৈরী জিনিসপত্র নিয়ে এলেন...রাজা দাউদ এইসব জিনিসপত্র সদাপ্রভুর উদ্দেশে উৎসর্গ করে দিলেন, যেভাবে তিনি নিজের বশে আনা অন্য সব জাতির কাছ থেকে সংগ্রহ করা রুপো ও সোনার ক্ষেত্রেও করলেন"** (২ শমূয়েল ৮:৯-১১)।



রাজা দাউদ সোনা, রূপা এবং ব্রোঞ্জের সমস্ত কিছু সদাপ্রভুর উদ্দেশে উৎসর্গ করেছিলেন

এইভাবে দাউদ সবকিছু ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ করলেন।

প্রিয় ভাই ও বোনেরা, এই বছরের শুরুতেই আমরা স্থিরসংকল্প করি—আমরা যা কিছু গ্রহণ করি,সবই ঈশ্বরের।

**প্রতিটি সাফল্য,প্রতিটি সুযোগ,প্রতিটি আশীর্ব্বাদই তাঁর কাছ থেকে আসে এবং তাঁরই জন্য** (যাকোব ১:১৭)।

আসুন, ঈশ্বর আমাদের যে সবচেয়ে বড় উপহার -তাঁর পুত্র প্রভু যীশু খ্রীষ্টকে দিয়েছেন-তা যেন আমরা কখনও ভুলে না যাই।

তিনি আমাদের সেই যন্ত্রণার ভার বহন করেছিলেন যাতে আমরা আস্থার সঙ্গে দাঁড়াতে পারি।

তিনি আমাদের পাপ গ্রহণ করেছেন এবং অভিশাপকে আশীর্বাদে রূপান্তরিত করেছেন।

## আপনার পুনরুদ্ধার ও বিজয়ের বছর

প্রিয় প্রেমাস্পদগণ, ২০২৬,আপনার কাছে যা আছে কেবল তা রক্ষা করার বছর নয়।

এটি এমন একটি বছর, যখন শত্রু যা চুরি করেছে, তা আবার ফিরে পাওয়া যাবে।

এই বছরটি হারানো ভূমি পুনরুদ্ধার করার বছর, আনন্দ পুনরায় দাবি করার বছর,এবং যা কিছু ভেঙে গিয়েছে তা আবার গড়ে তোলার বছর।

**দাউদের মতো আপনি যখন:**

- ঈশ্বরকে প্রাধান্য দেবেন
- ঈশ্বরের রাজ্য মনস্ক জীবনযাপন করবেন

(ক্রমশঃ ৯ পাতায়)

1969 to 2029 ECHO OF HIS CALL SINCE 1969

নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জাতিক খ্রীষ্টান নেতৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press - Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
18. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
19. **Telugu Service : 4.00 p.m. Sunday**
20. **Hindi Service : 5.00 p.m. Sunday**
21. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
22. Feedback Time : 7.30 p.m. Sunday
23. Women's Prayer : 5.30 p.m. Wednesday
24. Hindi Prayer : 7.00 p.m. Wednesday
25. Men's Prayer : 7.30 p.m. Friday
26. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
27. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
28. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
29. Ministers' Meeting : 5.30 p.m. First Saturday
30. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
31. Night Prayer : 9.30 p.m. Third Friday
32. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
33. Holy Communion : Second Sunday Service
34. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
35. Staff Devotion : 9.00 a.m. daily
36. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টিনদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কেনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টিন নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## আমার জীবনে তাঁর পথনির্দেশ ও প্রতিবিধান !

### "যারা তাঁকে সম্ভ্রম করে তিনি তাদের আকাঙ্খা পূর্ণ করেন" (গীতসংহিতা ১৪৫:১৯)।

প্রভু যীশু খ্রীষ্ট অনুগ্রহপূর্ণভাবে আমাকে ১৯৮২ সালে চেন্নাইয়ের (মাদ্রাজের) চীপকে মণ্ডলী পরিচর্যা শুরু করার সুযোগ করে দেন। শুরু থেকেই মণ্ডলীকে আর্থিক সীমাবদ্ধতার কারণে এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরিত হওয়ার চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়;পাশাপাশি ওই এলাকার খ্রীষ্ট-বিরোধী ব্যক্তিদের বিরোধিতা ও ঈর্ষাও ছিল।

শেষ পর্যন্ত আমরা একটি ছোট বায়ু চলাচলবিহীন ঘরের মধ্যে রবিবারের উপাসনা পরিচালনা করছিলাম। এই ঘরটি ছিল প্রিয় এক ভাই, মি. জর্জের মালিকানাধীন।

এক বিশেষ উপাসনা সভার সময়ে প্রভু অপ্রত্যাশিত ও শক্তিশালীভাবে আমাকে প্ররোচিত করলেন —আমার আত্মাকে তাঁর উপর নির্ভর করতে, যাতে আমরা একই এলাকায় নিজেদের একটি প্রশস্ত ভবন পেতে পারি। তিনি আমাকে মণ্ডলীর সঙ্গে এই বিষয়টি সভাগিতা করতে এবং তাদের প্রার্থনার সহায়তা কামনা করতে পরিচালিত করলেন। আমি প্রভুর আজ্ঞা মান্য করলাম এবং সেই উপাসনার সময়েই এই দর্শনটি সবার সঙ্গে ভাগ করে নিলাম।

যাইহোক,যারা আমার কথা শুনেছিল,তারা বিদ্রূপ ও অবিশ্বাসের সঙ্গে প্রতিক্রিয়া জানিয়েছিল।

- কেউ কেউ ব্যঙ্গাত্মক দৃষ্টিতে আমাকে উপহাস করেছিল
- অন্যরা প্রশ্ন তুলেছিল, "আমাদের দুর্বল আর্থিক অবস্থায় কি আমাদের পক্ষে কোনো সম্পত্তি কেনা আদৌ সম্ভব?"
- কেউ কেউ আবার বলেছিলেন, "ধরা যাক, আমাদের কাছে টাকা আছে - কিন্তু এত ঘনবসতিপূর্ণ এলাকায় বিক্রির জন্য কোনো জমি বা সম্পত্তি আমরা কোথায় পাব?"
- এমনকি কয়েকজন আমার সমালোচনা করে জিজ্ঞেস করেছিল, 'ঈশ্বরের নামে এ ধরনের অবাস্তব বিষয় বলা কি একজন ঈশ্বরের মানুষের জন্য শোভন?"

এইসব প্রতিক্রিয়াগুলি আমাকে গভীর বিভ্রান্তি ও নিরুৎসাহের মধ্যে ঠেলে দিয়েছিল। এই বিশ্বাসের পদক্ষেপে আমার সঙ্গে একমত হয়ে দাঁড়াবে—এমন একজন মানুষও আমি খুঁজে পাইনি। সাধারণ মানুষের ধারণা ছিল যে খ্রীষ্টিয় প্রচারকদের কাজ হলো অবাস্তব ও অগ্রহণযোগ্য গল্প বলা। তারা ঈশ্বরপ্রদত্ত দর্শনকে চিনতে ব্যর্থ হয়েছিল।

তবুও আমি ভেঙ্গে পড়িনি। বরং প্রভু আমাকে সান্ত্বনা দিলেন এবং তাঁর ওপর দৃঢ়ভাবে নির্ভর করার অনুগ্রহ দান করলেন—**"তিনি আমাদের বিশ্বাসের আদি উৎস এবং সিদ্ধিদাতা"** (ইব্রীয় ১২:২)। তাঁর বাক্যের মাধ্যমে তিনি আমার হৃদয়কে শক্তিশালী করবেন।

**"ওহে কীটসদৃশ যাকোব, ওহে নগণ্য ইস্রায়েল, তোমরা ভয় কোরো না, কারণ আমি স্বয়ং তোমাকে সাহায্য করব," যিনি তোমাদের মুক্তিদাতা, ইস্রায়েলের সেই পবিত্রতম জন,সদাপ্রভু ঘোষণা করেন।" দেখো, আমি তোমাকে এক শস্যমাড়াই কল বানাব, নতুন এবং ধারালো, যার মধ্যে অনেক দাঁত থাকবে। তুমি পর্বতসমূহকে মাড়াই করে সেগুলি চূর্ণ করবে এবং পাহাড়গুলিকে তুষের মতো করবে"** (যিশাইয় ৪১:১৪-১৫)।

দিন কাটতে থাকলো। সকল মানুষের সামনে ঈশ্বর আমাকে সম্মানিত করলেন এবং যে স্থানেই তিনি আমাকে এই দর্শন দিয়েছিলেন, ঠিক সেই স্থানেই তাঁর পরিচর্যার জন্য এক বিস্ময়কর স্থান অনুগ্রহপূর্বক প্রদান করলেন।

কিন্তু সেই স্থানটি খুঁজে পাওয়ার পর, মানুষের প্রত্যাশা অনুযায়ী সম্পত্তিটি কেনার জন্য আমার কাছে কোনো অর্থই ছিল না। আমি বিভিন্ন পরিচিত উৎস থেকে সাহায্য চেয়েছিলাম, কিন্তু কেউই এগিয়ে আসেনি, কারণ তখন আমি আর্থিকভাবে খুবই দুর্বল ছিলাম। এই নিরাশাজনক পরিস্থিতিতে সরকার নিজেই আমাকে একটি ব্যক্তিগত বাড়ি নির্মাণ-ঋণ (বিল্ডিং অ্যাডভান্স) মঞ্জুর করল, যাতে আমি সম্পত্তিটি কিনতে পারি — কারণ সেই সময়ে আমি সরকারি চাকরিতে কর্মরত ছিলাম। এই সবকিছু সম্ভব করার জন্য ঈশ্বর ব্যবহার করলেন এক অখ্রীষ্টিয় বন্ধু মি. কান্নান, এবং এক খ্রীষ্টিয় ভাই, মি.পি.জেয়াকুমারকে।

যীশু খ্রীষ্ট বিশ্বস্ত। যীশু খ্রীষ্ট সর্বদাই উত্তম — এবং সব সময়ই যীশু খ্রীষ্ট মঙ্গলময়। আর সর্বদাই যীশু খ্রীষ্ট উত্তম। আমরা যে ঈশ্বরের সেবা করি, তিনি কতই না আশ্চর্য! **"আস্বাদন করো ও দেখো, সদাপ্রভু মঙ্গলময়"** (গীত ৩৪:৮)।

আজ আমি যখন এই বার্তাটি লিখছি, তখনও আমার জীবন কঠিন ও চ্যালেঞ্জে ভরা। ঈশ্বর প্রদত্ত বহু পরিচর্যা সম্পাদন করতে গিয়ে আমি প্রতিদিন নানা সমস্যায় ও অসংখ্য ভারে নত হচ্ছি —যেমন তাঁর আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকা, যা ১৬টি ভাষায় মুদ্রিত হয়;বাইবোলকোর ডাকযোগে বাইবেল শিক্ষা এবং নহিমিয় বাইবেল কলেজগুলিতে তিনটি ভাষায় বাইবেল প্রশিক্ষণ, প্রতি রবিবার প্রধান মণ্ডলীতে সাতটি উপাসনা সভা, সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল (গ্রামীন উচ্চ বিদ্যালয়), গসপেল প্রিন্টিং প্রেস, এবং তাদের সঙ্গে সম্পর্কযুক্ত সমস্ত প্রশাসনিক দায়িত্বগুলি।

পরিচর্যা ও প্রশাসনিক দায়িত্ব পালনের পথে আমি অবর্ণনীয় ব্যক্তিগত সংগ্রাম, নানা চ্যালেঞ্জ ও ব্যর্থতার মুখোমুখি হয়েছি। আমাকে বহু বিনিদ্র রাত কাটাতে হয়েছে। এই সমস্ত কষ্টের মধ্যে দিয়ে আমি শিখেছি— এই অন্ধকার, অশুভ চাপ ও নিরাশায় ভরা পৃথিবীতে একমাত্র যাঁর ওপর নির্ভর করা যায়, যিনি বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য, তিনি হলেন প্রভু যীশু খ্রীষ্ট। আমি ব্যক্তিগতভাবে তাঁর অব্যর্থ পথনির্দেশ ও দিব্য ব্যবস্থার অভিজ্ঞতা লাভ করেছি।

একটি সুপরিচিত ধর্মীয় সংগীতের নিম্নলিখিত পংক্তিগুলো আমার যাত্রাপথকে সুন্দরভাবে প্রকাশ করে:

***" হে প্রভু, দয়া করে আমাকে পথ দেখাও;***
***চারদিকে যখন ঘন অন্ধকার, তখনও আমাকে পথ দেখাও।***
***আমি ঘর থেকে অনেক দূরে:***
***আমাকে পথ দেখাও। আমার পা দৃঢ় রাখো;***
***আমার জন্য এক পা পথ দেখালেই যথেষ্ট;***
***আমি দূরের দৃশ্য দেখতে চাই না।"***

আমার দৈনন্দিন জীবন পরীক্ষা ও কষ্টে ভরা হলেও, আমার এই ধন্য আশ্বাস রয়েছে — এই পৃথিবীতে আমার কাজ সম্পন্ন হলে আমি আমার স্বর্গীয় গৃহে প্রবেশ করব, আমার প্রভু যীশু খ্রীষ্টের সঙ্গে মুখোমুখি সাক্ষাৎ করব, এবং সেই মহিমাময় মুহূর্তে তাঁকে আলিঙ্গন করে আমার সমস্ত পার্থিব অভিজ্ঞতা তাঁর সঙ্গে ভাগ করে নেব। আমি সেই মহিমান্বিত দিনের জন্য আকুল হয়ে অপেক্ষা করছি। সেই দিনটি হবে মহান দিন। সেই দিনটি হবে সর্বাধিক আশীর্বাদপূর্ণ দিন।



প্রিয় বন্ধু, আপনারও কি এই আশা ও এই আকাঙ্খা আছে?

*************

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

• আপনার যা কিছু আছে সমস্ত কিছু দিয়ে তাঁকে সম্মান করবেন।

... তখন আপনি আপনার জীবনের সমস্ত দিকে ঈশ্বরের অলৌকিক অনুগ্রহ এবং বিজয় দেখতে পাবেন।

**"...দাউদ যেখানে যেখানে গেলেন, সদাপ্রভু সেখানে সেখানে তাঁকে বিজয়ী করলেন"** (২ শমূয়েল ৮:৬)।



আপনি আপনার জীবনের সমস্ত দিকে ঈশ্বরের অলৌকিক অনুগ্রহ এবং বিজয় দেখতে পাবেন।



দাউদ যেখানে গিয়েছিলেন সেখানেই সদাপ্রভু তাঁকে বিজয় দিয়েছিলেন

২০২৬ সালে এটাই আপনার জীবনের সাক্ষ্য হোক — আপনি যেখানেই যাবেন সদাপ্রভু আপনাকে বিজয় দেবেন।

যে স্থান এক সময় আপনাকে ভয়ের মধ্যে এনেছিল, সেই স্থানটি আপনার কাছে বিশ্বাসের দৃঢ় দুর্গে পরিণত হবে।




ঈশ্বর আপনাদের আশীর্ব্বাদ করুন এবং এ বছর আপনার বিজয়ের বছর হোক!

*************

## বিজ্ঞপ্তি

আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন

(+91) 98410 71858,
(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Scan to pay with any UPI app

State Bank of India 6069

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th JANUARY 2026
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**